স্নাতক (মেজর) পরীক্ষা ২০২৬

মেজর বাংলা

সেমেস্টার ৪: কোর্স MJBENG07

পুথিপাঠ, ভক্তিআন্দোলন ও বাংলা বৈষ্ণবসাহিত্য, হিন্দু-মুসলমান যুক্তসাধনা ও সাহিত্য

সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান: ৮০

প্রশ্নের মান দক্ষিণপ্রান্তে উল্লিখিত

৯ এল্বং ১০ সংখ্যাক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।

একক ১

১। "গগনযুগল ঋতু সমুদ্রকুমার।

শাক পরিমিত বীর বিক্রম রাজার।।"

— উপরোক্ত কালজ্ঞাপক শ্লোক থেকে পুথি রচনার কাল নির্ণয় করো। প্রসঙ্গতঃ বাংলা পুথির কাল নির্দেশের বৈচিত্র্য বিষয়ে আলোচনা করো। ৫+১০=১৫

২। পুথি সম্পাদনার বিভিন্ন পদ্ধতি দৃষ্টান্তসহ আলোচনা করো। ১৫

একক ২

৩। 'শ্রীচৈতন্যভাগবত' গ্রন্থের অন্ত্যখণ্ড- সপ্তম অধ্যায় অবলম্বনে শ্রীচৈতন্যদেবের নীলাচলে অবস্থানের সংক্ষিপ্ত বর্ণনা দাও। ১৫

৪। 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থের অন্ত্যলীলা- চতুর্দশ পরিচ্ছেদে বর্ণিত শ্রীচৈতন্যদেবের 'দিব্যোন্মাদ' অবস্থার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১৫

একক ৩

৫। গৌরাঙ্গ বিষয়ক পদের সঙ্গে গৌরচন্দ্রিকার পার্থক্য উল্লেখ করে এই পর্যায়ের পদ রচনায় গোবিন্দদাসের কৃতিত্ব বিচার করো। ১৫

৬। 'শ্রীকৃষ্ণের বাল্যলীলা ও কালীয়দমন' পর্যায়ের পদে যে দ্বৈত রসের প্রকাশ ঘটেছে তার উল্লেখ করে পাঠ্যপদের কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১৫

একক ৪

৭। "এক তিল সুখ লাগি জন্মান্তরে পাপ।

অকারণে কে বিনাশে জাতিকুল আপ।।"

— উক্তিটির প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য বিশ্লেষণ করো। ৫+১০=১৫

৮। "হাতে হাত কচলায় অভিমান গণি।

ভার্যা উদ্দেশিতে বীর চলিল আপনি।।"

— এই মন্তব্যের প্রেক্ষিতে বামন চরিত্রটি আলোচনা করো। ১৫

৯। টীকা লেখো (যে-কোনও দুটি): ২x৫=১০

ক) পুথির কালিপ্রস্তুতি

খ) 'কাম অন্ধতম প্রেম নির্মল ভাস্বর।'

গ) জ্ঞানদাসের রূপানুরাগ

ঘ) 'দেশ ছাড়ি কুমারী সে পলাইয়া যায়।'

১০। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও (যে-কোনও পাঁচটি): ৫x২=১০

(ক) পঞ্চানন মণ্ডল সম্পাদিত দুটি গ্রন্থের নাম লেখো।

(খ) তোলাপাঠ বলতে কী বোঝ?

(গ) শ্রীচৈতন্যদেবের দু'জন দীক্ষাগুরুর নাম লেখো।

(ঘ) 'মহাভাব' এর দুটি অবস্থা কী কী?

(ঙ) 'বঁধু' ওর 'ভেজাই' শব্দ দুটির অর্থ লেখো।

(চ) কলকাতা বিশ্ববিদ্যালয়ের থেকে প্রকাশিত বৈষ্ণব পদাবলির দু'জন সম্পাদকের নাম লেখো।

স্নাতক (মেজর) পরীক্ষা ২০২৬

মেজর বাংলা (NEP)

সেমেস্টার : ৪ কোর্স : MJBENG 08

প্রাগাধুনিক পর্বের নির্বাচিত গ্রন্থ

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

৯ ও ১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে

একক - ১

১। মুকুন্দরাম চক্রবর্তী লৌকিক জীবনরসের কবি। 'আখেটিক খণ্ড' অবলম্বনে এই মন্তব্যের সারবত্তা বিশ্লেষণ করো। ১৫

২। 'বারমাস্যা' কাকে বলে? মুকুন্দরাম চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যে চিত্রিত 'ফুল্লরার বারমাস্যা' অংশটির কাব্যগত তাৎপর্য বিচার করো। ৪+১১=১৫

একক - ২

৩। 'অন্নদামঙ্গল' কাব্য গতানুগতিক ধারার কাব্য নয়। মঙ্গলকাব্যের পরম্পরা থেকে অনেক জায়গায় ভারতচন্দ্র বিচ্যুত হয়েছেন। — আলোচনা করো। ১৫

৪। প্রমথ চৌধুরী বলেছেন: "ভারতচন্দ্রের অশ্লীলতার ভিতরে art আছে, অপরের শুধু nature।" — 'অন্নদামঙ্গল' কাব্যের বিদ্যাসুন্দর অংশের আলোচনা-সূত্রে মন্তব্যটি বিচার করো। ১৫

একক - ৩

৫। তোমার পাঠ্য 'বিজয়া' পর্যায়ের দুটি পদ অনুসরণে কমলাকান্ত ভট্টাচার্যের কবিকৃতির মূল্যায়ন করো। ১৫

৬। 'আর কাজ কি আমার কাশী?' — ছত্রের আলোকে পদটির ভাব-সৌন্দর্য বিশ্লেষণ করো। ১৫

একক - ৪

৭। হুমরা বেদে স্বাভাবিক জীবন্ত চরিত্র। — এই মন্তব্যের আলোকে 'মহুয়া' পালায় চিত্রিত হুমরা বেদের পিতৃসত্তা ও অহংচেতনার স্বরূপ ব্যাখ্যা করো। ১৫

৮। 'পটের গানে ফাঁসিড়ার পালা' অবলম্বনে রাহুতি চরিত্রের মূল্যায়ন করো। ১৫

৯। টীকা লেখো (যে-কোনো দুটি): ২x৫=১০

(ক) 'বৈদ্যক জনের পাশে অগ্রদানিগণ বৈসে
নিত্য করে রোগীর সন্ধান।'

(খ) অন্নদামঙ্গাল কাব্যে বিবাহের সময় শিব কেন, কোন দিকে মুখ করে বসেছিলেন?

(গ) 'মায়ের মূর্তি গড়াতে চাই, মনের ভ্রমে মাটি দিয়ে।'

(ঘ) মনোহর ফাঁসিড়া

১০। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও (যে-কোনো পাঁচটি) : ৫x২=১০

(ক) 'চণ্ডীমঙ্গাল' কাব্যের দুটি ভিন্ন নাম লেখো।

(খ) বুলন মণ্ডল কে?

(গ) অন্নপূর্ণাপুরী কে কোথায় নির্মাণ করেছিলেন?

(ঘ) অন্নদামঙ্গাল কাব্যে পীঠমালার সংখ্যা কটি? পীঠমালা রচনার ক্ষেত্রে ভারতচন্দ্র কোন্ তন্ত্রের উৎসের কথা স্বীকার করেছেন?

(ঙ) 'অবলা অল্পমতি, না জান কার্য্যের গতি।' — কে কাকে বলেছেন?

(চ) 'কলুর চোখ-ঢাকা বলদের মত?' — অর্থ কী?

(ছ) সুজন খেলোয়াড় কে?

(জ) মনোহর ফাঁসিড়ার দুই পুত্রের নাম লেখো।

—

## স্নাতক (মেজর) পরীক্ষা ২০২৬

## মেজর বাংলা (NEP)

## সেমেস্টার: ৪ কোর্স: MJBENG-09

## উনিশ শতকের কবিতা

**সময়: ৩ ঘন্টা**

**পূর্ণমান: ৮০**

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

৯ ও ১০ নং প্রশ্নের উত্তর অবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে।

একক-১

১। ঈশ্বর গুপ্ত বাঙালির অন্দরমহলে মেয়েদের উৎসবকালীন জীবনযাত্রার যে ছবি তাঁর কবিতায় এঁকেছেন তার পরিচয় দাও। ১৫

২। ঈশ্বর গুপ্তের কবিতায় বাঙালির খাদ্য-সংস্কৃতির যে পরিচয় আছে, পাঠ্য কবিতা অবলম্বনে তা লেখো। ১৫

একক-২

৩। *মেঘনাদবধ কাব্য*-এর সূচনায় মধুসূদন লিখেছিলেন "গাহিব, মা, বীররসে ভাসি, মহাগীত।" সমগ্র কাব্যের বিচারে এই প্রতিশ্রুতি কি মধুসূদন রাখতে পেরেছিলেন? ১৫

৪। ভারতীয় অলংকারশাস্ত্রে মহাকাব্যের লক্ষণসমূহ অনেক ব্যবহার করলেও মধুসূদনের *মেঘনাদবধ কাব্য* শেষ পর্যন্ত পাশ্চাত্য ধারারই এপিক।— আলোচনা করো। ১৫

একক-৩

৫। 'বাংলা গীতিকবিতার যথার্থ ভিত্তি সংরচিত হয়েছিল বিহারীলালের হাতে এবং তা 'সারদামঙ্গল' কাব্যে। —মন্তব্যটি বিচার করো। কেন রবীন্দ্রনাথ বলেছিলেন 'সারদামঙ্গল' এক অপরূপ কাব্য"? ১০+৫= ১৫

৬। *সারদামঙ্গল* কাব্যে ইংরেজি রোমান্টিক কবিদের প্রভাব, বিশেষত শেলির প্রভাব কীভাবে পড়েছে তা আলোচনা করো। ১৫

একক- ৪

৭। শিবনাথ শাস্ত্রীর 'শ্রমজীবী' কবিতার বিষয়বস্তু পর্যালোচনা করো। উনিশ শতকের বাংলা গীতিকাব্যের পরিপ্রেক্ষিতে এই কবিতার ঐতিহাসিক তাৎপর্য নিরূপণ করো। ১০+৫=১৫

৮। 'অভিমানিনী নির্ঝরিণী' কবিতায় অভিমানিনী শব্দের তাৎপর্য বিচার করো? এই কবিতা কীভাবে 'নির্ঝরের স্বপ্নভঙ্গ'-এর প্রতিভাষ্য রচনা করে? ৫+১০

৯। টীকা লেখো (যে-কোনো দুটি): ২×৫=১০

ক) মাতৃভাষা সম্বন্ধে ঈশ্বর গুপ্ত

খ) বীরবাহু এবং মেঘনাদের মৃত্যুর পরে রাবণের প্রতিক্রিয়ার একটি তুলনামূলক আলোচনা করো।

গ) ত্রিকালের সরস্বতী

ঘ) উনিশ শতকের দ্বিতীয়ার্ধের গীতিকবিতায় প্রেম

১০। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও (যে-কোনো পাঁচটি): ৫×২=১০

ক) 'বৃথায় জীবন তার, বৃথায় জীবন' কোন কবিতার অংশ? কার 'বৃথা'জীবন?

খ) ঈশ্বর গুপ্ত 'মেকির শত্রু'— এই অভিমত কে, কেন প্রদান করেছিলেন?

গ) *মেঘনাদবধ কাব্য*-এর প্রথম এবং শেষ সর্গের নাম লেখো।

ঘ) *মেঘনাদবধ কাব্য*-এর একেবারে সূচনায় মধুসূদন দুজন দেবীকে আবাহন করেছেন। তাঁদের নাম লেখো।

ঙ) *সারদামঙ্গল* কাব্য কোন পত্রিকায় প্রকাশিত হয়? সম্পাদক কে ছিলেন?

চ) "তোমা-হারা হ'লে আমি প্রাণ-হারা হই;"— কোন সর্গের অংশ? 'তুমি' কে?

ছ) মাইকেল মধুসূদন দত্তের লেখা দুটি গীতিকবিতার নাম লেখো।

জ) কালানুক্রমিকভাবে সাজাও: বিহারীলাল চক্রবর্তী, ঈশ্বরচন্দ্র গুপ্ত, রবীন্দ্রনাথ ঠাকুর, মধুসূদন দত্ত, অক্ষয়চন্দ্র চৌধুরী।

**স্নাতক (মেজর) পরীক্ষা ২০২৬**

**মেজর বাংলা**

**সেমেস্টার ৪ কোর্স : MJBENG10**

**বিশ শতকের কবিতা**

**সময় : ৩ ঘণ্টা** **পূর্ণমান : ৮০**

**প্রশ্নের মান দক্ষিণপ্রান্তে উল্লিখিত**

**৯ ও ১০ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে।**

একক ১

১। প্রিয়ম্বদা দেবীর কবিতায় নারীর প্রেমের যে পরিশীলিত রূপ দেখা যায় তা সমকালীন কবিতায় সুলভ ছিল না। আলোচনা করো। ১৫

২। বেশ কিছু কবিতায় ঈশ্বরের উদ্দেশে নিজের প্রশ্ন উত্থাপন করেছেন যতীন্দ্রনাথ সেনগুপ্ত। সেই প্রশ্নগুলির স্বরূপ আলোচনা করো। ১৫

একক ২

৩। একদিকে ইতিহাস-ভূগোলের বিস্তারে আর অন্যদিকে অনুভবের গাঢ় নিবিড়তায় কবি জীবনানন্দের 'বনলতা সেন' কবিতাটি কীভাবে অনন্য হয়ে উঠেছে তা আলোচনা করো। ১৫

৪। জীবনানন্দের 'আটবছর আগের একদিন' কবিতার কথক আত্মঘাতী মানুষটির আস্তিত্বিক সংকটের স্বরূপ যেভাবে উন্মোচন করেছেন তা ব্যাখ্যা করো। ১৫

একক ৩

৫। সুধীন্দ্রনাথ দত্তের 'শাশ্বতী' ও বিষ্ণু দে-র 'ঊর্বশী' অবলম্বনে আধুনিক বাংলা কবিতায় প্রেম সম্পর্কিত ভাবনার যে বিবর্তন দেখা যায় তা আলোচনা করো। ১৫

৬। সমর সেনের কবিতায় নাগরিক জীবনের ছবি কীভাবে প্রতিফলিত হয়েছে প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে আলোচনা করো। ১৫

একক৪

৭। 'পঞ্চাশের বিপন্ন আত্মকেন্দ্রিক দিশাহীন যুবক-যুবতী নিজেদের মৌতাত নিয়ে বেঁচে থাকে।' 'মুখোশ' কবিতা অবলম্বনে মন্তব্যটি বিচার করো। 'হে যুবক, হে যুবতী, পৃথিবীতে তোমাদের কতটুকু দাম?' কবি একথা বলেছেন কেন? ১০+৫=১৫

৮। শক্তি চট্টোপাধ্যায় 'ও চিরপ্রণম্য অগ্নি' কবিতায় কীভাবে মৃত্যুর মধ্য দিয়ে জীবনকে ভালোবাসার কথা বলেছেন আলোচনা করো। 'অশ্রুপাত শেষ হলে নষ্ট করো আঁখি' কবি কেন একথা বলেছেন? ১২+৩=১৫

**৯. টীকা লেখো (যে-কোনো দুটি)** ২X৫=১০

ক) 'আমার কৈফিয়ৎ'

খ) জীবনানন্দের 'সাতটি তারার তিমির' কাব্যের 'ঘোড়া' কবিতার চিত্রধর্ম

গ) 'লোকটা মধ্যযুগের যোদ্ধা—সঠিক মনে হবে'

ঘ) সমর সেনের ঊর্বশী

**১০. সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও (যে-কোনো পাঁচটি)** ৫X২=১০

ক) সত্যেন্দ্রনাথ দত্তের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

খ) *ছায়ানট* ও *রেণু* কোন কোন কবির কাব্যগ্রন্থ?

গ) 'কারো মীমাংসায় এ-কাব্য একান্তই প্রতীকী; সম্পূর্ণ অবচেতনার; সুররিয়ালিস্ট।... প্রায় সবই আংশিকভাবে সত্য—...'।
—স্বয়ং জীবনানন্দ তাঁর কাব্য প্রসঙ্গে এই ধরনের মূল্যায়নকে 'আংশিকভাবে সত্য' বলছেন কেন, তা খুব সংক্ষেপে লোখো।

ঘ) জীবনানন্দের 'আটবছর আগের একদিন' আর 'গোধূলিসন্ধির নৃত্য' কবিতাদুটির মধ্যে উল্লেখ আছে দুটি 'পেঁচা'-র। এই দুই কবিতার দুই 'পেঁচা'-র একটি তুলনামূলক অতিসংক্ষিপ্ত আলোচনা করো।

ঙ) *বাংলা কাব্য পরিচয়* কাব্যসংকলনটি কবে প্রকাশিত হয়? সম্পাদক কে ছিলেন? এর প্রতিক্রিয়ায় অন্য যে কাব্য সংকলন প্রকাশিত হয় তার সম্পাদকদ্বয়ের নাম লেখো।

চ) 'আমি নহি পুরুরবা, হে উর্বসী'—কার লেখা কোন কবিতার অংশ? পুরুরবার পরিচয় দাও?

ছ) 'সকলের গান' কবিতাটি কোন কাব্যের অন্তর্গত? কাব্যটি কবে প্রকাশিত হয়?

জ) বিজয় মার্চেন্ট ও বিজয় হাজারে কে ছিলেন? কোন কবিতায় তাঁদের প্রসঙ্গ আছে?

Four Year Undergraduate Examination 2026 ( NEP 2020)

Semester IV , Minor Course in Bengali

Course : MNBENG02B

Time:3 Hours

Full Marks: 80

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

প্রতিটি একক থেকে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও। ১০ নম্বর প্রশ্নের উত্তর আবশ্যিক।

একক ১

১। মধ্যযুগের বাংলা সাহিত্যে ভ্রমণের যে নিদর্শন পাওয়া যায় সেগুলি উদাহরণসহ আলোচনা করো। ১৫

২। *দেশে বিদেশে* গ্রন্থে মুজতবা আলীর ভ্রমণের পরিচয় দাও। ১৫

একক ২

৩। পালামৌ অঞ্চলের নারীদের জীবনের যে ছবি *পালামৌ* গ্রন্থে পাওয়া যায় তার বিবরণ দাও। ১৫

৪। কলকাতার অভিজাত ভদ্রলোকের চোখে পালামৌ কীভাবে ধরা পড়েছে আলোচনা করো। ১৫

একক ৩

৫। কৃষ্ণভাবিনী দাসের গ্রন্থে নারী স্বাধীনতার বিষয়ে যে আলোচনা করা হয়েছে তার বিবরণ দাও। ১৫

৬। *ইংল্যান্ডে বঙ্গমহিলা* ভ্রমণ কাহিনি হিসেবে কতখানি সার্থক বলে তুমি মনে করো। ১৫

একক ৪

৭। *অমৃত কুম্ভের সন্ধানে* অবলম্বনে লেখকের জীবনদর্শন বিশ্লেষণ করো। ১৫

৮। *অমৃত কুম্ভের সন্ধানে* নামটি তোমার কতখানি যথাযথ বলে মনে হয়। আলোচনা করো। ১৫

৯। ভ্রামণিক উমাপ্রসাদ মুখোপাধ্যায়ের পরিচয় দাও। ( For Back Candidates Only)

৯। যে কোনো চারটি বিষয়ে টীকা লেখো। ৪×৫=২০

ক) *রাশিয়ার চিঠি*

খ) *জাপানযাত্রী*

গ) পালামৌ-এর প্রকৃতি

ঘ) *পালামৌতে* কোল সম্প্রদায়ের নৃত্য

ঙ) লন্ডনের 'ফগ'

চ) পাঁচুগোপাল

**Four-Year Undergraduate Programme**
**Semester IV (NEP) Examination, 2026**
**English**
**AECC 04 (Ability Enhancement Compulsory Course): English**

**Time: 2 Hours** **Full Marks: 40**

**(For regular candidates)**
**Questions are of equal value.**
**Answer any *four* questions.**

1. a) Explain the concept of communication, its significance in human life, and the various forms of communication.

Or

b) Discuss the different modes of communication with examples.

2. Discuss the diverse functions of presentations in a modern professional setting.

3. a) Discuss the role of making concise and organised notes during preparation for examinations.

Or

b) Prepare a sample resume including personal details, education, skills, and experience.

4. Draft a letter to the local police station reporting a lost bicycle.

5. Prepare a report on your participation in a tree plantation drive of your university.

6. **Read the following passage and answer the questions that follow.** $5 \times 2 = 10$

The sunflower is a tall and vibrant flower that is easily recognizable by its large yellow petals and big round face. It is native to North America and has been cultivated for thousands of years by indigenous peoples. Sunflowers are known for their unique ability to track the movement of the sun across the sky, a phenomenon called heliotropism. During the day, the flower's face turns to face the sun, and at night, it returns to its original position.

Sunflowers are not only admired for their beauty but also for their usefulness. The seeds of the sunflower are rich in oil, which is widely used in cooking, baking, and making margarine. Additionally, sunflower seeds are a healthy snack and are often used in bird feed. Besides providing food and oil, sunflowers help improve soil health by removing toxins and adding organic matter to the earth. They usually bloom during summer and can grow as tall as 3 meters, making them one of the tallest flowering plants.

a. What is heliotropism in sunflowers?
b. How tall can sunflowers grow?
c. For what purposes are sunflower seeds used?
d. Why are sunflowers beneficial to the soil?
e. During which season do sunflowers typically bloom?